

## 💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬৯. কখন এ সালাত আদায় করতে হয়?

জামাত চলাকালীন সময় ছাড়া যখনই মসজিদে প্রবেশ করবে তখনই দু'রাকআত এ সালাত আগে আদায় করে পরে মসজিদে বসবে। কোন সালাত আদায় করা ছাড়া মসজিদে এমনিতেই বসে পড়া বৈধ নয়। রাসূলুল্লাহ (স) বলেছেন,

"তোমাদের কেউ মসজিদে প্রবেশ করলে সে যেন বসার পূর্বেই দু'রাকআত সালাত আদায় করে।" (বুখারী: 88, ইফা: ৪৩১, আধুনিক: ৪২৫)। কাউকে কাউকে দেখা যায় যে মসজিদে গিয়ে কোন সালাত আদায় ছাড়া এমনিতেই বসে পড়ে। এটা গর্হিত কাজ, সুন্নাত বিরোধী কাজ। এমনকি জুমু'আর খুৎবা শুনা যেখানে ওয়াজিব সেই খুৎবা চলাকালীন সময়েও কেউ মসজিদে ঢুকলে রাসূলুল্লাহ (স) তাকে আগে 'তাহিয়্যাতুল মসজিদ' দু'রাকআত সালাত আদায় করার নির্দেশ দিয়েছেন। (দেখুন বুখারী: ৯৩০, ৯৩১), এরপর মসজিদ বসবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12955

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন